

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মজলিসে থাকাকালে ঘেউ ঘেউ করে ঢেকুর তোলা

মজলিসে থাকাকালে ঘেউ ঘেউ করে ঢেকুর তোলা উচিত নয়। ঢেকুর এলে যথাসম্ভব শব্দ দমন করে নিন। যেহেতু লোকেরা তা পছন্দ করে না। ঢেকুরের সাথে এমন গ্যাস বের হতে পারে, যা লোকেদের নাকে খারাপ লাগে। একদা আল্লাহর রসূল (ﷺ) এর কাছে এক ব্যক্তি ঢেকুর তুললে তিনি তাকে বললেন, "আমাদের নিকট তোমার ঢেকুর তোলা বন্ধ কর। দুনিয়ায় যে অধিক পরিতৃপ্ত হয়, কিয়ামতে সে অধিক ক্ষুধার্ত হবে।"[1]

ফুটনোট

[1] তিরমিয়ী হা/২৪৭৮, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩৩৫০

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8053

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন